Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নংঃ বায়রা/৩(৯)/২০২৫/৪৬৯

তারিখঃ ১১ কার্তিক ১৪৩২
২৭ আক্টোবর ২০২৫

প্রাপকঃ
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

**বিষয়ঃ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।**

সূত্রঃ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের স্মারক নং- ৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৬৩.২৫-৮৫, তারিখঃ ১৯ অক্টোবর ২০২৫ খ্রি.

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে জানানো যাচ্ছে যে, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিজ্ঞপ্তিটি সদয় কার্যার্থে ও অবগতির নিমিত্ত নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

বায়রা'র পক্ষে

সংযুক্তিঃ ২ পাতা বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

**অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ**

১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (আইআরপি))।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। অধ্যক্ষ, BISTI, গাজীপুর।
৫। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৬। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

BAIRA BHABAN : 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel : +88-02-41032136-38, Fax : +88-02-41032144
E-mail : baira1984@gmail.com, info@baira.org.bd, Web : www.baira.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd


বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক ... সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/...
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং ১৯৬৪
তারিখ ও সময় 23/10/25


নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.১৬৩.২৫-৮৫ তারিখ:২২/১০/ ২০২৫খ্রি:

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২৫ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা ১ম সেমিস্টার/বর্ষে অধ্যয়নরত রয়েছে এবং ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ/বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৪ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত রয়েছেন। সে সকল শিক্ষার্থীদের মধ্য হতে নির্ধারিত সংখ্যক মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে দৈনিক আমার দেশ পত্রিকায় ১৫/১০/২০২৫ তারিখে, দৈনিক যুগান্তর পত্রিকায় ১৬/১০/২০২৫ তারিখে, বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ১৭/১০/২০২৫ তারিখে, দৈনিক ইনকিলাব পত্রিকায় ১৮/১০/২০২৫ তারিখে এবং The Daily Star পত্রিকায় ১৯/১০/২০২৫ তারিখে প্রকাশ করা হয়েছে। এছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর ওয়েবসাইটে আপলোডসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।


(মোঃ ইমরান আহমেদ)
উপসচিব
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email: d.irp.@wewb.gov.bd


সভাপতি
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নং : ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.১৬৩.২০২৫-৭৮

তারিখ :৩০/১০/২০২৫ খ্রি.।

# বিজ্ঞপ্তি

**এসএসসি/সমমান-২০২৫, এইচএসসি/সমমান-২০২৪ ও ডিপ্লোমা-২০২৪ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহ্বান।**

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৪ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/ মেডিকেল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৪ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলি :

**(১) যে সব প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-**

(ক) বিএমইটি'র ডাটাবেজের মাধ্যমে বহির্গমন ছাড়পত্র গ্রহণকারী অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণকারী প্রবাসী কর্মীর সন্তান;
(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন এমন মৃত প্রবাসী কর্মীর সন্তান।

**(২) নিম্নোক্ত ছকে বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-**

| ক্রম | ক্যাটাগরি | বিভাগ | বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ | |
|---|---|---|---|---|
| | | | (ক) প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে | (খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে |
| ০১ | এসএসসি/সমমান ২০২৫ | বিজ্ঞান বিভাগ | ৫.০০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৭৫ | ৪.০০ |
| ০২ | এইচএসসি/সমমান ২০২৪ | বিজ্ঞান বিভাগ | ৪.৮০ | ৪.০০ |
| | | মানবিক ও বাণিজ্য বিভাগ | ৪.৫০ | ৪.০০ |
| ০৩ | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ২০২৪ | - | ৩.৫০ | ৩.০০ |

**(৩) আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :**

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে BMET বহির্গমন ছাড়পত্র সম্বলিত পাসপোর্ট-এর কপি/WEWB সদস্যপদের পাসপোর্ট-এর কপি।
খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র।
গ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ)-এর কপি।
ঘ) শিক্ষার্থীর যে কোন তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়)।
ঙ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর।
চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/NID কার্ড-এর কপি।

**(৪) শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :**

ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২ (দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের জন্য ০৪ (চার) বছর;
খ) এইচএসসি/সমমান ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে ৩ (তিন) বছর/স্নাতক (সম্মান) পর্যায়ে ৪ (বছর) ও মেডিকেলের জন্য ৫ বছর; এবং
গ) বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ক্যাটাগরিতে শিক্ষাবৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪(বছর) বৃত্তি প্রদান করা হবে।

**(৫) অনলাইনে আবেদনের প্রক্রিয়া :**

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য https://portal.wewb.gov.bd লিংকে ভিজিট করুন।
খ) অনলাইনে আবেদনের সময়সীমা : **২৬ অক্টোবর ২০২৫ হতে ২৫ নভেম্বর ২০২৫** তারিখ পর্যন্ত।

**(৬) শর্তাবলি :**

(ক) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতা/অভিভাবক-এর মোবাইল নম্বর অবশ্যই আবেদনে উল্লেখ করতে হবে।
(খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
(গ) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না।
(ঘ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
(ঙ) এ সংক্রান্ত যে কোন তথ্যের জন্য ২৪/৭ প্রবাসবন্ধু কলসেন্টারে দেশ থেকে ১৬১৩৫ (টোল ফ্রি) এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩০/১০/২৫

(মোঃ ইমরান আহমেদ)
উপসচিব
পরিচালক (আইআরপি)